**ALL INDIA RADIO**

**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**24 February 2026** **7:45 PM IST**

==========

(১) একটি শুদ্ধ ভোটার তালিকা যেকোনো গণতন্ত্রের জন্য মূল ভিত বলে মূখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের মন্তব্য ।

(২) সাংসদ গৌরব গগৈকে ভারত-ফিলিপিনস মৈত্রীগোষ্ঠীর দায়িত্ব ।

(৩) বাংলাদেশের সাম্প্রতিক রাজনৈতিক ঘটনাবলীর পরিপ্রেক্ষিতে আগরতলা থেকে ঢাকা হয়ে কোলকাতা পর্যন্ত যাত্রী বাস সেবা আজ থেকে পুনরায় আরম্ভ ।

(৪) উত্তর-পূর্ব সীমান্ত রেলের যাত্রীদের সুবিধা বৃদ্ধির লক্ষ্যে শিলচর-গৌহাটী সহ আসামের বিভিন্ন স্থানে নির্বাচিত স্টেশনগুলিতে ১৯ টি ট্রেনের অতিরিক্ত স্টপেজ চালু ।

মূখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার একটি শুদ্ধ ভোটার তালিকা যেকোনো গণতন্ত্রের জন্য মূল ভিত বলে মত প্রকাশ করেছেন ।
নতুন দিল্লীর ভারত মন্ডপমে আজ অনুষ্ঠিত ভারতের নির্বাচন কমিশন ও বিভিন্ন রাজ্যের নির্বাচন কমিশনারদের মধ্যে ষষ্ঠ জাতীয় বৈঠকে অংশগ্রহণ করে তিনি একথা বলেন । ভোটার তালিকার বিশেষ পুঙ্খানুপুঙ্খ পুনরনিরীক্ষণের বিষয়ে উল্লেখ করে শ্রী কুমার বলেন যে যোগ্যতাসম্পন্ন প্রত্যেক ভোটদাতার নাম ভোটার তালিকায় থাকা উচিত এবং অযোগ্য লোকেদের তালিকা থেকে বাদ দেওয়া অত্যন্ত প্রয়োজনীয় ।

তিনি বলেন **----বাইট-----**

বিহারে আরম্ভ হওয়া এই প্রক্রিয়া পরবর্তী সময়ে দেশের ১২ টি রাজ্যে কার্যকর হয়েছে বলে উল্লেখ করে তিনি আরো বলেন যে ইতিমধ্যে ১১ টি রাজ্যে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হয়েছে ।
উল্লেখ্য নির্বাচন কমিশনের আয়োজন করা এই বৈঠক ২৭ বছর পর অনুষ্ঠিত হয়েছে । এরআগে ১৯৯৯ সালে এধরণের বৈঠকের আয়োজন করা হয়েছিলো ।

---

লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা বিশ্বের ৬৪টি রাষ্ট্রের সঙ্গে কূটনৈতিক এবং বন্ধুত্বপূর্ণ সম্পর্ক সুদৃঢ় করার লক্ষ্যে লোকসভার সাংসদদের নিয়ে বেশ কয়েকটি কমিটি গঠন করেছেন । এই প্রতিনিধি দলগুলির মধ্যে ফিলিপাইন্স অভিমুখে যাত্রা করা দলের নেতৃত্বর দায়িত্ব লোকসভার বিরোধী দলের উপ-দলনেতা সাংসদ গৌরব গগৈকে দিয়েছেন । অধ্যক্ষ ওম বিড়লা ইতিমধ্যেই গৌরব গগৈকে এ সম্পর্কে একটি পত্র প্রেরণ করেছেন ।

রাজ্যের চা-শ্রমিকদের আগামী ১৩ মার্চ থেকে জমির পাট্টা বিতরণ করা সহ প্রধানমন্ত্রী আবাস যোজনার অধীনে বাসগৃহ প্রদান করা হবে । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা গতকাল খানাপাড়ায় কেন্দ্রীয় কৃষি এবং কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহানের উপস্থিতিতে একগুচ্ছ প্রকল্প উদ্বোধনের পর সাংবাদিকদের এ কথা জানিয়েছেন । তিনি বলেন যে কেন্দ্রীয় সরকার গতশনিবার শ্রমিকদের বাসগৃহ প্রদানের প্রস্তবে অনুমোদন জানিয়েছে । চা-শ্রমিকদের সর্বাঙ্গিন উন্নয়ন এবং কল্যাণের জন্য এই পদক্ষেপ গ্রহণ করা হয়েছে বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেন ।

---

ডোনার মন্ত্রণালয়ের অধীন সরকারী প্রতিষ্ঠান উত্তর-পূর্ব আঞ্চলিক কৃষি বিপণন নিগম লিমিটেড ( নেরামেকের ) উদ্যোগে প্রতিষ্ঠানটির প্রাঙ্গণে গতকাল উত্তর-পূর্বাঞ্চল মৎস-মহোৎসবের আনুষ্ঠানিক সূচনা হয়েছে । মৎস খন্ডের উন্নয়ন ত্বরান্বিত করা ,বাজার শক্তিশালী করা ,উত্তর-পূর্বাঞ্চলের সমৃদ্ধ জলজ জৈব বৈচিত্র উদযাপনের জন্য একটি মঞ্চ গঠনের লক্ষ্যে এই মহোৎসবের আয়োজন করা হয়েছে । অনুষ্ঠানের উদ্বোধন করে নেরামেকের পরিচালন সঞ্চালক ভাস্কর বরুয়া কৃষক উৎপাদন সংস্থাসমূহের বিস্তৃত নেটওয়র্ক এবং শক্তিশালী সরবরাহ ব্যাবস্থার মাধ্যমে উত্তর-পূর্বাঞ্চলের কৃষি ও কৃষক সম্প্রদায়ের উন্নয়নের ক্ষেত্রে প্রতিষ্ঠানটি কাজ করে আসছে বলে উল্লেখ করেন । অনুষ্ঠানে নাবার্ডের মহা-প্রবন্ধক কমর জাভেদ উত্তর-পূর্বাঞ্চলে মৎস পালন জীবিকার অন্যতম প্রধান উৎস বলে মন্তব্য করেন ।

---

প্রতিবেশী রাষ্ট্র বাংলাদেশের সাম্প্রতিক রাজনৈতিক পরিস্থিতি উন্নত হওয়ার পরিপ্রেক্ষিতে আগরতলা থেকে ঢাকা হয়ে কোলকাতা যাত্রী বাস সেবা আজ থেকে পুনরায় আরম্ভ হয়েছে । ত্রিপুরার পরিবহণ ও পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী এবং ত্রিপুরা সড়ক পরিবহণ নিগমের অধ্যক্ষ সমর রায় যাত্রীদের আনুষ্ঠানিকভাবে স্বাগত জানান । পরিবহণ মন্ত্রী শ্রী চৌধুরী এই বাস সেবা পুনরায় আরম্ভ হওয়ায় সন্তোষ প্রকাশ করেছেন । একই সঙ্গে তিনি দ্বিপাক্ষিক বাণিজ্য এবং পর্যটন সহ উভয় দেশের মধ্যে সম্পর্ক বাংলাদেশের নব নির্বাচিত সরকারের আমলে উন্নত হবে বলে প্রকাশ করেছেন । বিভিন্ন মহল বহুপ্রত্যশিত আগরতলা-ঢাকা-কোলকাতা আর্ন্তজাতিক বাসসেবা পুনরায় আরম্ভ হওয়ায় সীমান্ত বাণিজ্য এবং পর্যটন বৃদ্ধি পাবে বলে আশা প্রকাশ করেছেন ।

---

উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে যাত্রীদের সুবিধা বৃদ্ধি এবং আঞ্চলিক রেল যোগাযোগ শক্তিশালী করার লক্ষ্যে শিলচর-গৌহাটি সহ আসামের বিভিন্ন স্থানের নির্বাচিত ষ্টেশনগুলিতে ১৯টি ট্রেনের জন্য অতিরিক্ত ষ্টপেজ চালু করেছে । এই অতিরিক্ত ষ্টপেজগুলি গত ২০ ফেব্রুয়ারী থেকে আগামী ২৮ ফেব্রুয়ারী পর্যন্ত পর্যায়ক্রমে বাস্তবায়ন করার কাজ শুরু করা হয়েছে । ফলে , গুরুত্বপূর্ণ মধ্যবর্তী ষ্টেশনগুলিতে যাত্রীদের যাতায়াত সহজ হবে ।

গত ২০ ফেব্রুয়ারী গৌহাটি-শিলচর-গৌহাটি এক্সপ্রেস ট্রেনটি অতিরিক্তভাবে শালচাপড়াতে ষ্টপেজ দিয়েছে । রঙ্গিয়া-শিলচর এক্সপ্রেস ট্রেনটিও অতিরিক্তভাবে জাগিরোডে ষ্টপেজ দিয়েছে । গতকাল শিলচর-শিয়ালদহ কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস ট্রেনটি অতিরিক্তভাবে লঙ্কায় ষ্টপেজ দিয়েছে । গৌহাটি-সাইরাং এবং কোলকাতা-সাইরাং এক্সপ্রেস ট্রেন দুটিকে অতিরিক্তভাবে কাটাখাল এবং কাটলীছড়ায় ষ্টপেজ দেওয়া হবে । একইভাবে , আগরতলা-শিলচর এক্সপ্রেস ট্রেনটি সুপ্রাকান্দিতে ষ্টপেজ দেবে

দিল্লীতে অরুণাচল প্রদেশের মহিলার বিরুদ্ধে সম্প্রতি সংঘটিত জাতি বিদ্বেষ আচরণের ঘটনাকে সিকিমের মূখ্যমন্ত্রী প্রেম সিং তামাং গোলে নিন্দা জানিয়েছেন । সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রী গোলে এই ঘটনাকে দূর্ভাগ্যজনক বলে অভিহিত করে বলেন যে এধরণের ঘটনার জন্যই মর্যাদা ও পারস্পরিক শ্রদ্ধা বৃদ্ধি করার স্বার্থে পদক্ষেপ গ্রহণের গুরুত্ব বেড়ে চলেছে । উত্তর-পূর্বাঞ্চল দেশের অবিচ্ছ্যেদ্য অঙ্গ বলে মত প্রকাশ করে তিনি বলেন যে সমমর্যাদা ও শ্রদ্ধা লাভ করা এই অঞ্চলের নাগরিকদের প্রাপ্য । এই বিষয়টির প্রতি গুরুত্ব আরোপ করতে তিনি সংশ্লিষ্ট সকল পক্ষকে আহ্বান জানান ।

---

কেন্দ্রীয় দক্ষতা উন্নয়ন ও উদ্যমিতা প্রতিমন্ত্রী জয়ন্ত চৌধুরী আগামীকাল হাইলাকান্দি জেলা সফর আসছেন । মন্ত্রী শ্রী চৌধুরী আগামীকাল সকাল সাড়ে দশটায় জেলা প্রশাসনের সঙ্গে জেলার দক্ষতা উন্নয়ন এবং উচ্চাকাঙ্খী জেলার প্রকল্পগুলির বাস্তবায়ন নিয়ে আলোচনা করবেন । মন্ত্রী শ্রীচৌধুরী এরপর বেলা ১২টা ৪৫ মিনিটে হাইলাকান্দি থেকে যাত্রা করে শিলচর হয়ে গুয়াহাটী চলে যাবেন ।

---

ভারতীয় সেনা বাহিনীতে যোগদানে আগ্রহী শ্রীভূমি জেলার যুবক-যুবতীদের ২০২৬-২৭ বর্ষের জন্য অগ্নিবীর নিযুক্তির জন্য অনলাইনে রেজিষ্ট্রেশন প্রক্রিয়ার মাধ্যমে আবেদন করার আহ্বান জানানো হয়েছে । আগ্রহী প্রার্থীদের আগামী পয়লা এপ্রিলের মধ্যে আবেদন করতে হবে । শিলচর আর্মি রিক্রুটিং অফিস থেকে জানানো হয়েছে যে অগ্নিবীর জেনারেল ডিউটি ,

অগ্নিবীর ক্লার্ক , অগ্নিবীর টেকনিকেল , অগ্নিবীর ট্রেডসম্যান , অগ্নিবীর মহিলা মিলিটারী পুলিশ , সিপাহী ফার্মা এবং সোলজার টেকনিক্যাল পদে আবেদন করা যাবে । প্রার্থীর জন্ম পয়লা জুলাই ২০০৫ থেকে পয়লা জুলাই ২০০৯ এর মধ্যে হতে হবে । ইচ্ছুক প্রার্থীরা সেনার অফিসিয়েল ওয়েবসাইট www.indianarmy.nic.in
এ লগ ইন করতে পারবেন ।

---

শ্রীভূমি জেলা সমগ্র শিক্ষা অভিযানের উদ্যোগে আজ জেলার বদরপুর শিক্ষা খন্ডের অধীন রামলোচন উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের মধ্যে বিনামূল্যে সাইকেল বিতরন করা হয়েছে । সাইকেল বিতরন কার্যসূচীতে বক্তব্য রাখতে গিয়ে শ্রীভূমি জেলা বিজেপির প্রাক্তন সভাপতি সুব্রত ভট্ট াচার্য্য বলেন যে সাইকেল প্রাপ্তির ফলে প্রত্যন্ত এলাকার ছাত্র-ছাত্রীরা বিদ্যালয়ে আসতে উৎসাহ পাবে এবং বিদ্যালয় ছাড়ার সংখ্যা কমবে । অনুষ্টানে বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা ও ছাত্র-ছাত্রীরা উপস্থিত ছিলেন ।

---

শ্রীভূমির জেলা শিল্প ও বানিজ্য কেন্দ্রের ব্যবস্থাপনায় এবং আসাম স্মল ইন্ডাষ্ট্রি ডেভেলাপমেন্ট কর্পোরেশনের সহযোগীতায় আর এ এম পি প্রকল্পের অধীনে আজ থেকে আগামী দোসরা মার্চ পর্যন্ত শ্রীভূমি শহরের নীলমণি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে রাজ্য উদ্যম সমাগম মেলা অনুষ্ঠিত হচ্ছে । জেলা শিল্প ও বানিজ্য কেন্দ্রের পক্ষ থেকে জনসাধারনকে মেলায় অংশগ্রহন করতে আহ্বান জানানো হয়েছে ।

---

হাইলাকান্দি জেলা প্রশাসনের বির্পযয় মোকাবিলা বিভাগের উদ্যোগে আসন্ন বর্ষার মরশুমে সম্ভাব্য বন্যা মোকাবিলায় প্রশাসনের আগাম প্রস্তুতি নিয়ে আজ এক সভা অনুষ্ঠিত হয়েছে । জেলা আয়ুক্ত অভিষেক জৈনের পৌরহিত্যে অনুষ্ঠিত সভায় বন্যার সময় উদ্ধার ও ত্রান কাজের প্রস্তুতি নিয়ে বিভিন্ন বিভাগের মতামত গ্রহন করা হয়েছে । এছাড়া  সভায় সবকটি রাজস্ব চক্রে অনুরূপ সভার আয়োজন করতে এবং দেশী নৌকা প্রস্তুত রাখতে নির্দেশ দেওয়া হয়েছে ।

---

হাইলাকান্দি জেলার রামনাথপুর পুলিশ গোপন সূত্রের খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে গতকাল রাতে একটি ট্রাক থেকে তিন হাজার পাঁচশ বোতল কফ সিরাপ বাজেয়াপ্ত করেছে । পুলিশ ঘটনার সঙ্গে যুক্ত থাকার অভিযোগে ট্রাক চালক মেঘালয়ের বাসিন্দা মাতিয়াশ এ সাংমা এবং তার সহায়ক সিলমান মারাককে গ্রেপ্তার করে ঘটনার তদন্ত শুরু করেছে । আটক দুই ব্যাক্তিকে পুলিশ আজ আদালতে হাজির করেছে ।

---